নর্থহ্যাম্পটন জেনারেল হাসপাতাল

রোগীর তথ্য

# Cook® বেলুনের সাহায্যে প্রসব প্রবোচিত করা

Northampton General Hospital
NHS Trust

## ভূমিকা

আপনাকে এই তথ্যপত্রটি দেওয়া হয়েছে কারণ আপনার প্রসব প্ররোচিত করার একটি পদ্ধতি হিসাবে আপনাকে Cook® বেলুন ক্যাথেটার দেওয়া হতে পারে।

আমরা সুপারিশ করছি যেন আপনিও প্রসব প্ররোচিত করা প্রচারপত্র টি পড়েন।

## কী ঘটবে?

আপনি যখন আপনার প্ররোচনা করানোর জন্য উপস্থিত থাকবেন, তখন ধাত্রী বা মিডওয়াইফ প্রক্রিয়াটি সম্পর্কে আপনার সাথে কথা বলবেন এবং নিশ্চিত করবেন যেন আপনি Cook® বেলুনের সাহায্যে প্ররোচিত করার প্রক্রিয়াটি বুঝতে পারেন। অনুগ্রহ করে কোন প্রশ্ন থাকলে জিজ্ঞাসা করুন বা আপনার কোন উদ্বেগ থাকলে সেই সম্পর্কে আমাদের সাথে কথা বলুন; আপনাকে সাহায্য করার জন্যই আমরা এখানে আছি।

আপনি যখন পৌঁছবেন, ধাত্রীটি আপনার এবং আপনার শিশুর সম্পূর্ণ পরীক্ষা করবেন। আপনার শিশুর হৃদস্পন্দন একটি কার্ডিওটোগ্রাফ (CTG) মেশিন ব্যবহার করে নিরীক্ষণ করা হবে এবং এর পরে, আপনার জরায়ুমুখ জল ভেঙে যাওয়ার প্রক্রিয়া করানোর জন্য প্রস্তুত কিনা (ঝিল্লিতে কৃত্রিম ফাটল ঘটানো) দেখার জন্য একবার আপনার যোনি পরীক্ষা করা হবে। যদি আপনার জরায়ুমুখ প্রস্তুত না হয়, তাহলে আমরা আপনাকে একটি Cook® বেলুন ক্যাথেটার পদ্ধতির সাহায্যে প্রসব করানোর প্রস্তাব দিতে পারি।

## জরায়ু পরিণত করানোর Cook® বেলুন ক্যাথেটার

আমাদের ঐতিহ্যগত প্ররোচিত করার পদ্ধতির তুলনায় এই পদ্ধতির সুবিধাগুলি নিম্নরূপ:

1. প্রপেস (Propess)-এর মতো ওষুধ ব্যবহার করার পদ্ধতির তুলনায় কম পার্শ্বপ্রতিক্রিয়া হয়
2. আপনার জরায়ু (গর্ভ) খুব ঘন ঘন সংকুচিত হওয়ার ঝুঁকি কম থাকে

পদ্ধতিটি অনুসারে আপনার যোনিতে একটি স্পিকুলাম ঢোকানো হয় (যেমন স্মিয়ার টেস্টে করানোর সময় হয়) যাতে আমরা আপনার জরায়ুর প্রবেশ দ্বারের মধ্য দিয়ে একটি নরম টিউব (ক্যাথেটার) ঢোকাতে পারি। Cook® বেলুন ক্যাথেটারের উপরের অংশের কাছে দুটি বেলুন চেম্বার রয়েছে, একটি আপনার জরায়ুমুখের উপরে এবং অন্যটি আপনার যোনিতে বসবে এবং যখন এটি সঠিক জায়গায় থাকে তখন বেলুন চেম্বারগুলি জীবাণুমুক্ত জলে পূর্ণ হয়। ক্যাথেটারের নীচের অংশটি আপনার পায়ের সাথে সংশ্লিষ্ট ভাবে সুরক্ষিত রাখা থাকবে। Cook® বেলুন ক্যাথেটার 12 ঘণ্টার জন্য নির্ধারিত জায়গায় রাখা থাকে। চাপ পেলে তা আপনার জরায়ুমুখকে নরম করে দেবে আর খুলে দেবে যাতে প্রসব প্রক্রিয়া শুরু হয় বা আপনার শিশুর চারপাশের জল ভাঙতে পারে।

## Cook® বেলুন ক্যাথেটার নিয়ে বাড়িতে যাওয়া

আপনার ধাত্রী বা ডাক্তার মূল্যায়ন করবেন যে আপনি বহির্বিভাগে প্রসব প্ররোচিত করার জন্য উপযুক্ত কিনা এবং তিনি আপনার সাথে এই বিষয়ে আলোচনা করবেন। যখন সম্ভব হয়, এটি আপনার প্রসব শুরু হওয়ার আগে হাসপাতালে থাকার জন্য প্রয়োজনীয় সময়ের পরিমাণ কমায়। এটি প্রসবের প্রক্রিয়াটিকে স্বাভাবিক প্রক্রিয়ায় প্রসব করার যতটা সম্ভব কাছাকাছি করে তোলে।

আপনি বাড়িতে থাকাকালীন, আপনি স্বাভাবিকভাবে যেমন করে থাকে তেমন কাজগুলি করতে পারবেন, উদাহরণস্বরূপ, শাওয়ার ব্যবহার করা, গোসল করা বা হাঁটাচলা করা। তবে, অনুগ্রহ করে যৌন সংসর্গ করা এড়িয়ে চলুন। টয়লেটে যাওয়ার পর অনুগ্রহ করে আপনার হাত ধুয়ে নিন, নিশ্চিত করুন যে ক্যাথেটার পরিষ্কার আছে এবং নিয়মিত অন্তর্বাস পরিবর্তন করুন।

আপনার যদি নিম্নলিখিতগুলির মধ্যে কোনোটি হয়ে থাকে তাহলে অনুগ্রহ করে Triage নম্বরে ফোন করুন যাতে একজন ধাত্রী আপনাকে পরামর্শ দিতে পারেন:

1. আপনার যোনি থেকে রক্তপাত
2. সংকোচন
3. আপনার শিশুর নড়াচড়া নিয়ে উদ্বেগ
4. আপনি অসুস্থ বোধ করলে
5. আপনার শিশুর চারপাশের জল ভাঙতে থাকলে
6. Cook® বেলুন ক্যাথেটার পড়ে গেলে

## Cook® বেলুন ক্যাথেটার অপসারণ করলে কী হয়?

Cook® বেলুন ক্যাথেটার জরায়ুমুখ খোলার সময়য় বা আপনার প্রসব বেদনার সময়য় নিজে থেকেই পড়ে যেতে পারে। বিকল্পভাবে, প্রবেশ করানোর 12 ঘণ্টা পরে এটি অপসারণ করা হবে। ধাত্রী ক্যাথেটারের বাইরের প্রান্তে একটি সিরিঞ্জ ব্যবহার করে বেলুনের ভিতরের জল সরিয়ে ফেলবেন এবং তারপর আলতো করে টিউবটি টেনে বের করবেন। এর পরে, ধাত্রী আপনাকে জল ভাঙার প্রস্তাব দেবেন এবং তারপরে যদি আপনার সংকোচন নিজে থেকে শুরু না হয় তাহলে আপনার প্রসব শুরু করানোর জন্য একটি হরমোন 'ড্রিপ' দেওয়া হবে।


## আমি যদি Cook® বেলুন ক্যাথেটার প্ররোচনা না চাই তাহলে কী হবে?

আপনার জরায়ুমুখ খোলার জন্য যদি আপনি ওষুধ (প্রোস্টাগ্ল্যান্ডিন পেসারি, যেমন Propess®) এর বিকল্প বেছে নেন তাহলে মানসম্মত চিকিৎসার উপলব্ধতা অব্যাহত থাকবে। আরো বিস্তারিত জানার জন্য, অনুগ্রহ করে প্রসব প্ররোচিত করা প্রচারপত্রটি পড়েন।

# জটিলতা বা ঝুঁকিগুলি কী?

প্রক্রিয়াটি অস্বস্তিকর হতে পারে, তবে এটি বেদনাদায়ক হওয়া উচিত নয়। সংক্রমণের খুবই কম ঝুঁকি আছে।





## উপকারী ওয়েবসাইটসমূহ

www.nhs.uk

www.northamptongeneral.nhs.uk

## অন্যান্য তথ্য

নর্থহ্যাম্পটন জেনারেল হাসপাতাল (Northampton General Hospital) ধূমপান-মুক্ত থাকার নীতি অনুসারে পরিচালিত হয়। এর অর্থ হল ট্রাস্ট সাইটে কোথাও ধূমপানের অনুমতি নেই, এর মধ্যে সমস্ত বিল্ডিং, মাঠ এবং গাড়ি পার্ক করার জায়গা অন্তর্ভুক্ত রয়েছে।

প্রচারপত্র, তথ্য, পরামর্শ এবং ধূমপান ছেড়ে দেওয়ার বিষয়ে এবং নিকোটিন প্রতিস্থাপন থেরাপির বিষয়ে সহায়তা স্থানীয় স্টপ স্মোকিং হেল্পলাইন 0845 6013116, বিনামূল্যে সহায়তাকারী জাতীয় হেল্পলাইন 0300 123 1044, ইমেইল: smokefree@northnorthants.gov.uk এবং ফার্মেসী থেকে পাওয়া যায়।

নর্থহ্যাম্পটন জেনারেল হাসপাতালে গাড়ি পার্কিং অত্যন্ত সীমিত এবং পার্কিংয়ের জন্য পর্যাপ্ত সময় দেওয়ার জন্য, তাড়াতাড়ি পৌঁছানো প্রয়োজনীয়। এটি ফেলে দেওয়া এবং সংগ্রহ করা আপনার কাছে আরও সুবিধাজনক মনে হতে পারে।

অনুরোধ করা হলে এই তথ্য ব্রেইল, অডিও ক্যাসেট এবং CD সহ অন্যান্য ভাষা এবং বিন্যাসে প্রদান করা যেতে পারে। অনুগ্রহ করে (01604) 523442 নম্বরের সাথে যোগাযোগ করুন অথবা পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াসঁ সার্ভিস (PALS)-এর সাথে (01604) 545784 নম্বরে যোগাযোগ করুন, ইমেইল: ngh-tr.pals@nhs.net

Northampton General Hospital NHS Trust, Cliftonville, Northampton NN1 5BD.
www.northamptongeneral.nhs.uk
ডেস্কটপ প্রকাশনা করেছেন যোগাযোগ বিভাগ
আগস্ট 2024
NGV2721